# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১০৭৯

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১০৭. হায়িযগ্রস্ত স্ত্রীর সাথে মেলামেশা করা

بَاب مُبَاشَرَةِ الْحَائِضِ

## আরবী

أَخْبَرَنَا وَهْبُ بْنُ جَرِيرٍ عَنْ هِشَامٍ الدَّسْتَوَائِيِّ عَنْ يَحْيَى عَنْ أَبِي سَلَمَةَ عَنْ زَيْنَبَ بِنْتِ أُمِّ سَلَمَةَ عَنْ أُمِّ سَلَمَةَ قَالَتْ بَيْنَا أَنَا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مُضْطَجِعَةٌ فِي الْخَمِيلَةِ إِذْ حِضْتُ فَانسَلَلْتُ فَأَخَذْتُ ثِيَابَ حِيضَتِي فَقَالَ أَنفِسْتِ قُلْتُ نَعَمْ قَالَتْ دَعَانِي فَاضْطَجَعْتُ مَعَهُ فِي الْخَمِيلَةِ قَالَتْ وَكَانَتْ هِيَ وَرَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَغْتَسِلَانِ مِنْ الْإِنَاءِ الْوَاحِدِ مِنْ الْجَنَابَةِ وَكَانَ يُقَبِّلُهَا وَهُوَ صَائِمٌ

## বাংলা

১০৭৯. যাইনাব বিনতে উম্মু সালামাহ হতে বর্ণিত, উম্মু সালামাহ রাদ্বিয়াল্লাহু আনহা বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে একটি মখমলের কম্বলের নিচে শায়িত ছিলাম। আকস্মিকভাবে আমার হায়িয শুরু হলে আমি চুপে চুপে বেরিয়ে গিয়ে আমার হায়িযের কাপড় পরিধান করে নিলাম। তখন তিনি বললেন: “তোমার কি নিফাস (হায়িয) হয়েছে?” আমি বললাম: জ্বি। তিনি বলেন: তখন তিনি আমাকে ডাকলেন ফলে আমি তার সাথে কম্বলের ভেতর শুয়ে পড়লাম।তিনি বলেন: তিনি ও রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম উভয়ে এক পাত্র হতে পানি নিয়ে জানাবাতের গোসল করতেন। আর তিনি সিয়ামরত অবস্থায় তাকে চুম্বন করতেন।[1]

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ। এটি বুখারী ও মুসলিমের হাদীস।

তাখরীজ: সহীহ বুখারী ২৯৮; সহীহ মুসলিম ২৯৬।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৬৯৯১ ও সহীহ ইবনু হিব্বান নং ১৩৬৩।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ যায়নাব বিনত আবূ সালামাহ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=81362

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন